



## বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ(বিসিএসআইআর)

BANGLADESH COUNCIL OF SCIENTIFIC AND INDUSTRIAL RESEARCH (BCSIR)

নং-৩৯.৩০৭.০৪৯.০০.০০.৬৪১.২০১৪- ৫৬৬

তারিখ: ০৬/০৯/২০১৯

## অফিস আদেশ

**বিষয়ঃ** রাষ্ট্রীয় ও জনগুরুত্বপূর্ণ ও বিচার বিভাগ কর্তৃক প্রেরিত নমুনা বিশ্লেষণ বিষয়ে সতর্কতামূলক পদক্ষেপ গ্রহণ সম্পর্কিত।

গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, বি,সি,এস,আই,আর কর্তৃক রাসায়নিক পরীক্ষার ফলাফল বিষয়ে প্রশ্নের উদ্ভব হয়েছে। বিষয়টি মন্ত্রণালয় ও উর্ধ্বতন কর্তৃপক্ষের নজরে এসেছে। ফলে বিসিএসআইআর এর নমুনা বিশ্লেষণ পদ্ধতি নিয়ে পর্যালোচনান্তে প্রতিয়মান হয় সঠিকভাবে নমুনা প্রেরণ না করা /গ্রহণ বা পথিমধ্যে নমুনা পরিবর্তন কিংবা সংশ্লিষ্টদের যোগশাজসে এ ধরনের ঘটনা ঘটে থাকতে পারে। তাই রাষ্ট্রীয় ও জনকল্যাণমূলক নমুনা গ্রহণ, পরীক্ষা ও ফলাফল প্রদান পদ্ধতি আরো স্বচ্ছ ও প্রসঙ্গীত করার লক্ষ্যে নিম্নোক্ত পদক্ষেপসমূহ গ্রহণের নির্দেশনা দেয়া হল।

১। রাষ্ট্রীয় জনগুরুত্বপূর্ণ ও বিচার বিভাগ কর্তৃক প্রেরিত নমুনা বলতে সেই সব আমদানিকৃত রাসায়নিক পদার্থকে বুঝাবে যার পরিচিতি সম্পর্কে সন্দেহ রয়েছে এবং যা জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর হতে পারে বিচার বিভাগ কর্তৃক মামলা সংক্রান্ত বিষয়ে প্রেরিত নমুনাসমূহ এ গুপের অন্তর্ভুক্ত হবে।

২। নমুনা প্রেরণ বিষয়ে প্রেরণকারী কর্তৃপক্ষ নিম্নলিখিত পদ্ধতি অনুসরণ করবেন।

I. নমুনা বাহকের পরিচিতি, পরিচিতি সম্পর্কিত দলিল, মোবাইল নং ও ক্ষমতা পত্রসহ সম্পূর্ণ সীলগালা অবস্থায় নমুনা প্রেরণ করবেন।

II. নমুনাটি সরাসরি ভারপ্রাপ্ত কর্মকর্তা, অ্যানালাইটিক্যাল সার্ভিস সেল বরাবর প্রেরণ করতে হবে।

III. প্রেরক বি,সি,এস,আই,আর কর্তৃক প্রদত্ত প্রাপ্তিস্বীকার পত্র যাচাইয়ের মাধ্যমে নমুনা গ্রহণের বিষয়টি নিশ্চিত হবেন।

৩। নমুনা গ্রহণ বিষয়ে ভারপ্রাপ্ত কর্মকর্তা, অ্যানালাইটিক্যাল সার্ভিস সেল নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করবেন।

I. নমুনার প্রকৃতি বা গবেষণাগারের সক্ষমতা অনুসারে সংশ্লিষ্ট পরিচালকের একটি নমুনা পরীক্ষণের দায়িত্ব প্রদান করবেন।

II. ভারপ্রাপ্ত কর্মকর্তা, অ্যানালাইটিক্যাল সার্ভিস সেল অবশ্যই এ বিষয়ে কঠোর গোপনীয়তা অবলম্বন করবেন।

৪। পরীক্ষা কালীন সংশ্লিষ্ট গবেষণাগারের পরিচালক নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করবেন।

I. সি,সি ক্যামেরার পর্যবেক্ষণাধীন নমুনা গ্রহণ করবেন এবং প্রাপ্তি স্বীকার ভারপ্রাপ্ত কর্মকর্তা, অ্যানালাইটিক্যাল সার্ভিস সেল প্রদান করবেন।

II. শুধুমাত্র উচ্চ মাত্রার পেশাদার ও সুনামের অধিকারী বিজ্ঞানীকে নমুনা পরীক্ষার জন্য নির্বাচন করবেন এবং সি,সি ক্যামেরার পর্যবেক্ষণাধীনে সীলগালাকৃত প্যাকেট খুলে নমুনা সরবরাহ করবেন।

III. সংশ্লিষ্ট বিজ্ঞানী নমুনা প্রাপ্তির বিষয়টি পরিচালককে অবহিত করবেন।

IV. পরিচালক যথাযথ পদ্ধতি অনুসরণে গোপনীয়তার সাথে প্রাপ্ত নমুনা পরীক্ষা নিশ্চিতসহ পরীক্ষা কাজে সার্বিক তদারকি করবেন। তিনি আরো নিশ্চিত করবেন যে, সঠিকভাবে গ্রহণযোগ্য মান অনুসরণ করে প্রাপ্ত নমুনা বিশ্লেষণ করা হয়েছে।

V. পরীক্ষণকারী বিজ্ঞানী পরীক্ষা নমুনা সংশ্লিষ্ট যে কোন প্রশ্ন /query বিষয়ে শুধুমাত্র তত্ত্বাবধানকারী পরিচালকের সাথে আলোচনা করবেন।

চলমান পাতা-২



## বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)

BANGLADESH COUNCIL OF SCIENTIFIC & INDUSTRIAL RESEARCH (BCSIR)

পাতা-২

৫। নমুনার ফলাফল প্রদান বিষয়ে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করা হবে।

- I. নমুনা পরীক্ষার ফলাফল ভারপ্রাপ্ত কর্মকর্তা, অ্যানালাইটিক্যাল সার্ভিস সেল এর নিকট জমা প্রদান করতে হবে।
- II. ভারপ্রাপ্ত কর্মকর্তা, অ্যানালাইটিক্যাল সার্ভিস সেল প্রাপ্ত প্রতিবেদনের অনুলিপি প্রেরণের মাধ্যমে সদস্য (বিজ্ঞান ও প্রযুক্তি)-কে অবহিত করবেন।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নির্দেশ জারী করা হল। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পুনরাদেশ না দেওয়া পর্যন্ত তা বলবত থাকবে।

(মোঃ খলিলুর রহমান)

সচিব

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। পরিচালক, পিপি এন্ড পিডিসি, বিসিএসআইআর, ঢাকা।
- ০২। ভারপ্রাপ্ত পরিচালক, ডিআরআইসিএম/ আইএমএমএমএম, খঞ্জনপুর, বিসিএসআইআর, জয়পুরহাট/ বিসিএসআইআর গবেষণাগার ঢাকা/ আইএফআরডি/ আইজিসিআরটি/ আইএফএসটি/ পিএন্ডডি, ঢাকা/ বিসিএসআইআর গবেষণাগার, চট্টগ্রাম/ আইএনএআরএস/ বিসিএসআইআর গবেষণাগার, রাজশাহী।
- ০৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, চামড়া গবেষণা ইনস্টিটিউট, বিসিএসআইআর, নয়ারহাট, সাভার, ঢাকা।
- ০৪। গবেষণা সমন্বয়কারী, বিসিএসআইআর, ঢাকা।
- ০৫। মেডিক্যাল কনসালট্যান্ট, বিসিএসআইআর, ঢাকা।
- ০৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বিসিএসআইআর, ঢাকা।
- ০৭। পরিচালক (অর্থ ও হিসাব), বিসিএসআইআর, ঢাকা।
- ০৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা অ্যানালাইটিক্যাল সার্ভিস সেল, বিসিএসআইআর, ঢাকা।
- ০৯। সিনিয়র ইন্ডাস্ট্রিয়াল লিয়াজোঁ অফিসার, গবেষণা ও উন্নয়ন বিভাগ, বিসিএসআইআর, ঢাকা।
- ১০। সম্পাদক/ জনসংযোগ কর্মকর্তা, বিসিএসআইআর, ঢাকা।
- ১১। একান্ত সচিব, চেয়ারম্যান, বিসিএসআইআর, ঢাকা। চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ১২। একান্ত সহকারী, সদস্য (প্রশাসন), সদস্য (অর্থ), সদস্য (বিঃও প্রঃ), সদস্য (উন্নয়ন), (সচিব) বিসিএসআইআর, ঢাকা।  
(সদস্য ও সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)